**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৬ মার্চ ২০১৬, ২৩ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শেখ হাসিনার নেতৃত্ব দেশে স্থিতিশীলতা এসেছে
: প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে বিজেপি নেতা রাম মাধব

২। পোলট্রি হবে বড় শিল্পখাত : এগ্রো সম্মেলনে বাণিজ্যমন্ত্রী

৩। জঙ্গিবাদ দমনের তিন যুদ্ধে জয়ী হতে হবে : তথ্যমন্ত্রী

৪। গ্রামীন উন্নয়নে সহায়তা দেবে দক্ষিণ কোরিয়া

৫। দক্ষিণ এশিয়ার নারী নেতৃত্ব অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে
: দিল্লীতে নারী এমপিদের সম্মেলনে স্পিকার

৬। অধিকাংশ উদ্যোক্তাই ব্যাংক ঋণ পাননি : গভর্নর

৭। সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় পাঁচ বাংলাদেশি নিহত

৮। বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ল্যাবে প্রতি একশ’
বায়োপসি টেস্টে ২৫/৩০টিতেই ক্যান্সার শনাক্ত হচ্ছে

৯। টেকসই উন্নয়নে ক্ষুদ্রঋণের আরও প্রসার দরকার : আন্তর্জাতিক সম্মেলনে বক্তারা

১০। এশিয়া কাপ ক্রিকেটে বাংলাদেশ-ভারত ফাইনাল আজ
খেলার টিকিট নিয়ে দফায় দফায় সংঘর্ষ

চলমান পাতা-২

১। **শেখ হাসিনার নেতৃত্ব দেশে স্থিতিশীলতা এসেছে**
**: প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে বিজেপি নেতা রাম মাধব**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতিশীল নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন ভারতের ক্ষমতাসীন দল ভারতীয় জনতা পার্টির (বিজেপি) কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাম মাধব। গতকাল ৫ মার্চ শনিবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎকালে তিনি বলেছেন, শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে স্থিতিশীলতা এসেছে। বৈঠকে শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

২। **পোলট্রি হবে বড় শিল্পখাত : এগ্রো সম্মেলনে বাণিজ্যমন্ত্রী**

২০২১ সালের মধ্যে পোলট্রি খাতে এক কোটি ব্যক্তির কর্মসংস্থান হবে। খুব অল্পসময়ে এ খাত দেশের বড় শিল্প খাত হিসেবে আবির্ভূত হবে বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গত পাঁচ বছরে পোলট্রি খামারের সংখ্যা দ্বিগুণ হারে বেড়েছে। দেড় লাখ থেকে বেড়ে এখন তিন লাখের বেশি খামার রয়েছে। গতকাল ৫ মার্চ শনিবার রাজধানীর বসুন্ধরায় আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে আয়োজিত এগ্রো সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

৩। **জঙ্গিবাদ দমনের তিন যুদ্ধে জয়ী হতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশকে আরেক ধাপে এগিয়ে নিতে জঙ্গিবাদ দমনের তিন যুদ্ধে নিজের শক্তিতে উন্নয়নে যুদ্ধ এবং বৈষম্য অবসান ও সুশানের যুদ্ধে বিজয়ী হতে হবে। আর এই তিনযুদ্ধে এখন আমাদের প্রতিপক্ষ খালেদা জিয়া এবং বিএনপি। গতকাল ৫ মার্চ শনিবার রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ জেলা শাখার সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.২,ক.১)।

৪। **গ্রামীন উন্নয়নে সহায়তা দেবে দক্ষিণ কোরিয়া**

গ্রামীণ উন্নয়নে দক্ষিণ কোরিয়া ৮শ' কোটি টাকা সহায়তা দেবে। ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত দেশের ৬৪টি জেলার একটি করে ইউনিয়নে উন্নয়ন করা হবে। উন্নয়ন কর্মকান্ড হিসাবে কৃষি, সেচ প্রকল্প, কৃষকদের বাড়িঘর নির্মাণ, কৃষি মেশিনারিজ সরবরাহ, কৃষি পণ্য প্রক্রিয়াজাকতকরণ, বাজারজাত-বিপণন ও সেচ প্রকল্পে পানির বিজার্ভ গড়ে তোলা হয়েছে। এছাড়া ব্রহ্মপুত্র নদের দুই অববাহিকায় দক্ষিণ এশিয়ার পানির বৃহৎ রিজার্ভ গড়ে তুলবে। গতকাল ৫ মার্চ শনিবার সাভারে ব্র্যাক-সিডিএমের মিলনায়তনে কোরিয়ান রুরাল কমিউনিটি কর্পোরেশনের উদ্যোগে 'কমপ্যারেটিভ এ্যানালাইসিস অব সাউথ কোরিয়ান এ্যান্ড বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট এক্সপেরিয়েন্স শীর্ষক এক আলোচনা সভায় কেআরসিসি'র প্রেসিডেন্ট ও দক্ষিণ কোরিয়ার কৃষি বিষয়ক সাবেক উপমন্ত্রী সাং মু লী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৩)।

৫। **দক্ষিণ এশিয়ার নারী নেতৃত্ব অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে**
**: দিল্লীতে নারী এমপিদের সম্মেলনে স্পিকার**

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ও কমনওয়েলথ পালার্মেন্টারি এসোসিয়েশন-সিপিএ'র নির্বাহী কমিটির চেয়ারপারসন ড.শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দক্ষিণ এশিয়ার দেশসমূহ নারী নেতৃত্বে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। নারীদের গতিশীল নেতৃত্বের মাধ্যমে দেশের উন্নতি সাধন করে দক্ষিণ এশিয়া সমগ্র বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করতে পারে। তিনি গতকাল ৫ মার্চ শনিবার দিল্লীতে ভারতের লোকসভায় আয়োজিত ভারতের নারী আইন প্রণেতাদের জাতীয় সম্মেলনের প্রথম প্লেনারি সেশনে চেয়ারপারসনের বক্তৃতাকালে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৬। **অধিকাংশ উদ্যোক্তাই ব্যাংক ঋণ পাননি : গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. অতিউর রহমান বলেছেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জরিপে দেখা গেছে, গত এক দশকে আমাদের অর্থনৈতিক ইউনিটগুলো দ্বিগুণ হয়েছে। এসব ইউনিটের ৮০ শতাংশই



ক্ষুদ্র উদ্যোক্তা। এসব উদ্যোক্তা অধিকাংশই ব্যাংক ঋণ পাননি। গতকাল ৫ মার্চ শনিবার ডেভেলপমেন্ট অব মাইক্রো, স্মল অ্যাণ্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (এমএসএমইএস) ইন বাংলাদেশ-শেয়ারিং এশিয়ান এক্সপেরিয়েন্স অ্যান্ড এমএসএমইএস ব্যাংকিং ফেয়ার' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **প্রথম আলো** ( পৃ.১৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৭। **সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় পাঁচ বাংলাদেশি নিহত**

সৌদি আরবের রিয়াদে গতকাল ৫ মার্চ শনিবার সড়ক দুর্ঘটনায় পাঁচজন বাংলাদেশি নিহত হয়েছেন। বাংলাদেশি সৌদি দূতাবাসের কর্মকর্তা মিজানুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। সৌদি দূতাবাসের কর্মকর্তা মিজানুর রহমান বলেন, তাদের লাশ উদ্ধার করে স্থানীয় হাসপাতালের মর্গে রাখা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (শেষপৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৮। **বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ল্যাবে প্রতি একশ'**
**বায়োপসি টেস্টে ২৫/৩০টিতেই ক্যান্সার শনাক্ত হচ্ছে**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালের পরীক্ষাগারে প্রতি একশ, বায়োপসি পরীক্ষার মধ্যে ২৫ থেকে ৩০টিতে ক্যান্সার শনাক্ত হচ্ছে। ক্যান্সার বেড়ে যাওয়ার পেছনে পরিবেশ বড় ধরণের ভূমিকা রাখছে। এ ক্ষেত্রে গণসচেতনতা বাড়াতে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। গতকাল ৫ মার্চ শনিবার বিশ্ববিদ্যালয়ের মিলন হলে জাতীয় ক্যান্সার সম্মেলন ২০১৬ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপচার্য অধ্যাপক কামরুল হাসান খান এ কথা বলেছেন। 'ক্যান্সার প্রতিরোধ ও গবেষণা কেন্দ্র এবং গাইনি অনকোলজি সোসাইটি অব বাংলাদেশ' যৌথভাবে এই সম্মেলনের আয়োজন করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৪)।

৯। **টেকসই উন্নয়নে ক্ষুদ্রঋণের আরও প্রসার দরকার : আন্তর্জাতিক সম্মেলনে বক্তারা**

টেকসই উন্নয়ন গ্রামীণ অর্থনীতিতে গতি সঞ্চার, নারীর ক্ষমতায়নসহ দরিদ্র্য জনগোষ্ঠীর কাছে অর্থনৈতিক প্রবৃদ্ধির সুফল পৌঁছে দিতে ক্ষুদ্রঋণ ব্যবস্থার আরও প্রসার দরকার। গতকাল ৫ মার্চ শনিবার সাউথইষ্ট ইউনিভার্সিটি আয়োজিত দু'দিনের আন্তর্জাতিক সম্মেলনে এমন মত দিয়েছেন বক্তারা। রাজধানীর তেজগাঁওয়ে ইউনিভার্সিটির নিজস্ব ক্যাম্পাসে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.২) **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬)।

১০। **এশিয়া কাপ ক্রিকেটে বাংলাদেশ-ভারত ফাইনাল আজ**
**খেলার টিকিট নিয়ে দফায় দফায় সংঘর্ষ**

আজ মিরপুর স্টেডিয়ামে ভারত ও বাংলাদেশ ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে খেলা শুরু হবে। স্নায়ুর চাপ সামাল দিয়ে জয় ছিনিয়ে আনতে ভারতের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ ক্রিকেট দল। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো, ইত্তেফাক, সমকাল, যুগান্তর, ডেইলি সান, নিউজ টুডে**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

ক্রিকেটের টিকিট যেন সোনার হরিণ। এশিয়া কাপ ফাইনালের টিকিট বিক্রি নিয়ে গতকাল ৫ মার্চ শনিবার রাজধানীর মিরপুর ১০ নম্বরে ঘটেছে তুলকালাম। শুক্রবার বিকেল থেকে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকের সামনে লাইনে দাঁড়িয়ে থেকেও টিকিট পাননি অনেকে এক পর্যায়ে পুলিশের সঙ্গে বাধে সংঘর্ষ। গতকাল সকাল থেকে সারাদিন দফায় দফায় সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। এসময় সড়ক অবরোধ করে ভাংচুর করা হয় গাড়ি। এক পর্যায়ে ব্যাংকে হামলার চেষ্টা চালানো হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** ( পৃ.১,ক.১),

**ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।



## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যুগান্তর, সংবাদ** : নানা অনিয়মের কারণে ইউনিয়ন পরিষদ নির্বাচন প্রশ্নবিদ্ধ হওয়ার আশংকায় নির্বাচন কমিশনকে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান ।

খ. **যুগান্তর :** সমুদ্র সৈকতে পরিবেশগত ঝুঁকি নিয়ে জাহাজ ভাঙা কার্যক্রম পরিচালনাকারী ' দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান শীর্ষে এমন অভিযোগ তুলে প্রতিবেদন তৈরি করেছে **১৯টি** আন্তর্জাতিক বেসরকারি সংস্থার জোট, এনজিও শিপ ব্রেকিং প্লাটফর্ম কার্যক্রম উল্লেখ করে জাহাজ ভাঙা শিল্পের আন্তর্জাতিক মান নিশ্চিত করে সব অপপ্রচারের জবাব দেওয়ার আহ্বান।

গ. **সমকাল :** গাবতলী আন্ত:জেলা বাস টার্মিনাল ঘিরে বেপরোয়া চাঁদাবাজি বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট** : রাজধানীর বনশ্রীতে মায়ের হাতে দুই সন্তান হত্যার ঘটনা নৃশংস উল্লেখ করে পরিবারের মধ্য হতে এ ধরনের ঘটনা ঘটাকে শিশুদের পারিবারিক নিরাপত্তার জন্য হুমকি বলে মন্তব্য করা হয়।

ঙ. **জনকণ্ঠ :** অভিযোগ থেকে খালাস পাওয়ার পরও রায়ের কপি সঠিক সময়ে কারাগারে না পৌঁছায় সাতক্ষীরার কৃষক জোবেদ আলীকে ১৩ বছর কারাভোগ করার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ঘটনায় দায়িত্বে অবহেলায় যারা জড়িত তাদের উপযুক্ত শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** অপরাধ দমনের লক্ষ্যে ঢাকায় বসবাসরত নাগরিকদের 'শণাক্তকরণ' তথ্য' সংগ্রহে ঢাকা মেট্রোপলিটন পুলিশের উদ্যোগের সাফল্য কামনা করে এসব তথ্য যেন ভিন্নখাতে ব্যবহৃত না হয় সেই প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে বিদেশি পর্যটক আরও আকৃষ্ট করতে পর্যটন সম্পর্কিত হোটেল, পরিবহণ সুবিধা, বিনোদন, রেস্টুরেন্ট ও শপিং মল গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** সুন্দরবনে কুমিরের সংখ্যা কমে যাওয়া প্রাকৃতিক দুর্যোগের সর্তক সংকেত বলে মন্তব্য করে সুন্দরবনের যথাযথ সুরক্ষায় কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** কাঠ লুটেরা টেকনাফ সমুদ্র সৈকতের ৫০ হাজার গাছ কেটে ফেলার কারণ তুলে ধরে স্থানীয় প্রশাসনকে অবৈধ স'মিল মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ

ঞ. **নিউ এজ :** ঢাকা নওয়াব এস্টেট ও ভাওয়াল এস্টেট এর ৪৯ হাজার একর জমির মালিকানা নিয়ে বিরোধ নিষ্পত্তিতে সরকারের গৃহীত উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে দেশি কায়েমি স্বার্থ, ধর্মান্ধ জঙ্গিবাদ এবং বিদেশি আধিপত্যবাদ এ ত্রিশক্তি সংঘবদ্ধ হয়ে বাঙালির অসাম্প্রদায়িক ও সাংস্কৃতিক অস্তিত্ব হরণের ষড়যন্ত্রে লিপ্ত বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'শিশুরা কি শিক্ষার সুষ্ঠু পরিবেশ পাচ্ছে'** শিরোনামের নিবন্ধে সজল চৌধুরী আমাদের দেশে শ্রেণিকক্ষের অভ্যন্তরীণ পরিবেশ শিশুদের স্বাস্থ্যবান্ধব কিনা এ বিষয়ে দেখভালের জন্য সুপরিকল্পিত কোনো ব্যবস্থা (এয়ার কোয়ালিটি ইনডেক্স) নেই যার প্রয়োজনীয়তা উপলব্ধি

করা একান্ত প্রয়োজন বলে  অভিমত প্রকাশ করেছেন
#
ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা